

৩৩

৩৩

## রংপুর বিপিএড কলেজের ২৪ লাখ টাকা নিয়ে উধাও

রংপুর সংবাদদাতা ॥ রংপুর বিপিএড কলেজ কর্তৃপক্ষ ৯৪ জন শিক্ষার্থীর কাছ থেকে প্রায় ২৪ লাখ টাকা আদায় করে গা-ঢাকা দিয়েছে। ফলে শিক্ষার্থীদের পরীক্ষাসহ ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। জানা যায়, বৃহত্তর রংপুর এবং দিনাজপুর অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানের শরীর চর্চার শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে ছুটি নিয়ে রংপুর শহরের মুলাতোল এলাকায় অবস্থিত বিপিএড কলেজে ভর্তি হয়। ভর্তির সময় প্রতিজনের কাছ থেকে ২৫ হাজার টাকা করে আদায় করা হয়। আজ থেকে শিক্ষার্থীদের পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি না থাকায় বিপিএড কলেজের শিক্ষার্থীরা অংশ নিতে পারছে না। তারা রবিবার ডিসি অফিস ঘেরাও করে স্মারকলিপি দিয়েছে। পরে তারা প্রেসক্রাবে এসে কান্নায় ভেঙ্গে পড়ে এবং দায়ী ব্যক্তিদের শাস্তি দাবী করে। অতিরিক্ত জেলা প্রশাসক রফিকুল ইসলাম জানান, শিক্ষা মন্ত্রণালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জরুরী ফ্যাক্সবার্তা পাঠানো হয়েছে।